

সচেতনতায়

শহরে পদযাত্রা

নিজস্ব প্রতিবেদন

বৃহস্পতিবার ছিল বিশ্ব এড্‌স দিবস। দিনটি পালিত হল পশ্চিম মেদিনীপুরেও। জেলা সদর মেদিনীপুরে একাধিক সচেতনতামূলক কর্মসূচি হয়েছে। দিনটি পালনে এ বারের স্লোগান ছিল, 'রক্ষিত হোক সমতা'। সঙ্গে বার্তা, 'রক্ত পরীক্ষা করুন। নিজের এইচআইভি আছে কি না জানুন।' জেলা স্বাস্থ্য দফতরের উদ্যোগে শহরে এক কর্মসূচি হয়েছে। ট্যাবলো বার করা হয়েছে। সকালে ট্যাবলোর উদ্বোধনে ছিলেন জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক সৌম্যশঙ্কর সারেঙ্গী, পুরপ্রধান সৌমেন খান প্রমুখ। প্রায় এক মাস ধরে এই ট্যাবলো-প্রচার চলবে। মেদিনীপুরে সকালে পদযাত্রা আলোচনাসভাও হয়েছে। জেলায় এইচআইভি সংক্রমিতের সংখ্যা কম নয়। নতুন সংক্রমিতের খোঁজও মিলছে। জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক বলেন, "এইচআইভি প্রতিরোধে সংহতি গড়ে তুলতে হবে। সবারই উচিত, এই সংহতি গড়ে তোলার দায়িত্ব নেওয়া।" এইচআইভি পরীক্ষায় বাসস্ট্যান্ডের মতো জনবহুল এলাকায় শিবির শুরু হয়েছে। দিনটি পালন উপলক্ষে এদিন মেদিনীপুরে রাজা নরেন্দ্রলাল খান মহিলা কলেজে রক্তদান শিবিরও হয়েছে। শিবিরে ৬৫ জন রক্তদান করেছেন। গড়বেতা কলেজেও বিশ্ব এড্‌স দিবসে পালন করা হয়। বৃহস্পতিবার কলেজের এনএসএস বিভাগের পক্ষ থেকে ছাত্রছাত্রীদের নিয়ে পদযাত্রা বের হয়। ছিলেন কলেজের অধ্যক্ষ হরিপ্রসাদ সরকার। কলেজের সভাকক্ষে এড্‌স বিষয়ক সচেতনতা শিবিরে বক্তৃতা করেন বিএমওএইচ সঞ্চিতা কর্মকার।

ঝাড়গ্রামেও দিনটি পালন করা হয়েছে। জেলা স্বাস্থ্য দফতরের সামনে ট্যাবলোর সূচনাকরেন মুখ্য স্বাস্থ্য আধিকারিক ভুবনচন্দ্র হাঁসদা। জেলা স্বাস্থ্য দফতর প্রাঙ্গণে ভেবজ গাছ লাগান তিনি। স্বাস্থ্য দফতরের উদ্যোগে অরণ্যশহরে একটি পদযাত্রা হয়। পদযাত্রায় ছোঁনাচের পাশাপাশি ঝুমুর গানও হয়। পরে পাঁচমাথা মোড়, সাবিত্রী মন্দির মোড়, রেল স্টেশন এলাকায় ঝুমুর গানের মাধ্যমে সচেতন করেন প্রখ্যাত ঝুমুর শিল্পী ইন্দ্রানী মাহাতো। গোটা জেলাজুড়ে ঘুরবে ট্যাবলোটি। পাঁচমাথা মোড়ে এইচআইভি স্ক্রিনিং হয়। ঝাড়গ্রাম রাজ কলেজে ও ঝাড়গ্রাম রাজ মহিলা সরকারি দু'টি কলেজে সচেতনতা মূলক আলোচনা সভা হয়। মানিকপাড়া গ্রাম পঞ্চায়েতের উদ্যোগেও সচেতনতামূলক সভা ও পদযাত্রা হয়।

স্বাস্থ্যসার্চা

প্রথম শ্রেণির দৈনিক

১৫ অগ্রহায়ণ ১৪২৯ ২.৫০ টাকা * রেজি নং- আর. এন. ৪৮০৮৫/৮৮ ফোন : ২৬৩১৩২, ফ্যাক্স : ০৩২২২-২৬৩৮৯৭ www.biplab

জলা স্বাস্থ্য দফতরের সেমিনার গুরুতে, পরামর্শ স্বাস্থ্যকর্তার




দেওয়া হচ্ছে স্বাস্থ্য দফতরের পক্ষ থেকে। এদিন পদযাত্রায় অন্যান্যদের সঙ্গে ছিলেন জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ড. সৌম্যশংকর ষড়ঙ্গী। তিনি বলেন, স্বচ্ছতা, দায়বদ্ধতা ও অংশগ্রহণের মাধ্যমে এডস সংক্রমণকে প্রতিরোধ করা সম্ভব, যাঁরা চিকিৎসাধীন আছেন তাঁরা সমাজের মূল শ্রোতে মাথা উঁচু করে বসবাস করছেন। সরকারের পক্ষ থেকে নানারকম সুবিধাও দেওয়া হচ্ছে। এর জন্য জোরদার সচেতনতামূলক প্রচারও করা হচ্ছে।

আবার লোক লজ্জার ভয়ে টেস্ট
করাতে যান না। চিকিৎসকরা
বারংবার বলছেন রোগ চেপে না
রেখে, কোনও লজ্জা ভয় না করে
টেস্ট করান, চিকিৎসা করান।
পশ্চিম মেদিনীপুরে ১৩ টি সেন্টারে
এডস্ -এর টেস্ট করা হয়। এডস্
সংক্রান্ত কোনও লক্ষণ দেখা দিলে
সেখানে যেন টেস্ট করান সেই বার্তা

এডস্ দিবসে গড়বেতা কলেজে সেমিনার, পদযাত্রা

পত্রিকা প্রতিনিধি : গড়বেতা
কলেজের এন এস এস -এর
উদ্যোগে বিশ্ব এডস্ দিবস পালন
করা হল। বৃহস্পতিবার কলেজের
এন এস এস এর চারটি ইউনিটের
পক্ষ থেকে পদযাত্রা করা হয়।
পদযাত্রায় অন্যান্য সকলের সঙ্গে
অধ্যক্ষ হরিপ্রসাদ সরকারও
অংশগ্রহণ করেন। কলেজের
সেমিনার হলে এদিন এডস্
সম্পর্কে একটি আলোচনা সভা
হয়। বক্তব্য রাখেন ব্লক স্বাস্থ্য

আধিকারিক সঞ্চিতা কর্মকার।
ছিলেন এন এস এস এর প্রোগ্রাম
অফিসার ড. সাজেদ বিশ্বাস, সুশান্ত
মন্ডল, মৌসুমি পাল, সদস্য
শান্তিময় পাত্র, সোমাসামন্ত প্রমুখ।



নিয়ন্ত্রণ হারিয়ে সরকারি ব

পত্রিকা প্রতিনিধি : দুর্ঘটনার
কবলে পড়ল এসবিএসটিসি বাস।
দ্রুত গতিতে যাওয়ার সময় একটি
গাড়িকে ওভারটেক করতে গিয়ে
নিয়ন্ত্রণ হারিয়ে রাজ্য সড়কের ধারে
দোকানে ঢুকল বাস। ঘটনায় আহত
হন বেশ কয়েকজন। ঘটনাটি ঘটে
শ্রীনগরে নারায়ণপুর এলাকায়